



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
কলেজ শাখা



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.১৮

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

বিষয়: খুলনা জেলার দাকোপ উপজেলাধীন চালনা মহিলা কলেজ-এর এডহক কমিটিতে সভাপতি মনোনয়ন এবং একজন শিক্ষক সদস্য ও একজন অভিভাবক সদস্য মনোনয়ন প্রসঙ্গে

সূত্র: স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১ তারিখ: ১১ জানুয়ারি ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দাকোপ উপজেলাধীন চালনা মহিলা কলেজ-এ দীর্ঘদিন ধরে কোনো পরিচালনা কমিটি না থাকায় সুষ্ঠুভাবে পরবর্তী গভর্নিং কমিটি গঠনের লক্ষ্যে গত ১১-০১-২০২১ খ্রি. তারিখে স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১-এ উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা-কে এডহক কমিটির সভাপতি মনোনয়ন দেয়া হয়। পূর্ণাঙ্গ এডহক কমিটি গঠন করে অনুমোদনের লক্ষ্যে এ বোর্ডে দাখিলের জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়। অধ্যক্ষ অদ্যাবধি পূর্ণাঙ্গ কমিটি গঠন করে অনুমোদনের জন্য এ বোর্ডে দাখিল করেনি।

এমতাবস্থায়, কলেজটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য এবং পরবর্তী গভর্নিং বডি গঠন ও অনুমোদনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, যশোর ( মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯-এর ৩৯ প্রবিধি অনুসারে এ বোর্ডের পক্ষ হতে উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা-কে নির্দেশক্রমে পুনরায় চালনা মহিলা কলেজের এডহক কমিটির সভাপতি মনোনয়ন দেয়া হলো।

২। পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে পূর্ণাঙ্গ এডহক কমিটি গঠনের লক্ষ্যে উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা-কে সংশ্লিষ্ট কলেজের শিক্ষার্থীদের অভিভাবকদের মধ্য হতে ০১ (এক) জন অভিভাবক সদস্য মনোনয়ন দিয়ে নাম প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩। পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে পূর্ণাঙ্গ এডহক কমিটি গঠনের লক্ষ্যে জেলা শিক্ষা অফিসার, খুলনা-কে সংশ্লিষ্ট কলেজের শিক্ষকদের মধ্য হতে ০১ (এক) জন শিক্ষক সদস্য মনোনয়ন দিয়ে নাম প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪-১০-২০২১

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

বিতরণ :

- ১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনা
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ৩) অধ্যক্ষ, চালনা মহিলা কলেজ, দাকোপ, খুলনা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.১৮/১(৪)


তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা খুলনা অঞ্চল, খুলনা
- ২) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা

- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, কম্পিউটার বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
৪) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



৪-১০-২০২১

কে এম রব্বানী  
কলেজ পরিদর্শক



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd  
কলেজ বিভাগ



স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.১৯

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

বিষয়: কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র: স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১ তারিখ: ১১ জানুয়ারি ২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, খুলনা জেলার দাকোপ উপজেলাধীন চালনা মহিলা কলেজ-এ দীর্ঘদিন ধরে কোন পরিচালনা কমিটি না থাকায় গত ১১-০১-২০২১ খ্রি. তারিখের স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.২৩.০০১.২০.১-এ উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা-কে এডহক কমিটির সভাপতি মনোনয়ন দেয়া হয়। পূর্নাঙ্গ এডহক কমিটি গঠন করে বোর্ডে দাখিলের জন্য অধ্যক্ষকে পত্র দেয়া হয়। কিন্তু আপনি অদ্যাবধি পূর্নাঙ্গ এডহক কমিটি গঠন করে বোর্ডে দাখিল করেননি। কলেজের শিক্ষকগণ কমিটি না থাকার বিষয়ে বোর্ডকে অবহিত করে একটি পত্র প্রেরণ করেছেন। একটি বেসরকারি স্তরের শিক্ষা প্রতিষ্ঠান সুষ্ঠুভাবে পরিচালিত হতে পারে কেবল নির্বাচিত ম্যানেজিং কমিটি/গভার্নিং বডির মাধ্যমে। এমতাবস্থায়, দীর্ঘদিন ধরে চালনা মহিলা কলেজ, দাকোপ, খুলনা-এর কোন পরিচালনা কমিটি না থাকায় উল্লিখিত স্মারকে পূর্নাঙ্গ এডহক কমিটি গঠন করে বোর্ডে দাখিল করার জন্য বলা সত্ত্বেও উক্ত কমিটি দাখিল না করায় কেন আপনার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে না তার সন্তোষজনক জবাব পত্র জারির ০৭ (সাত) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য নির্দেশক্রমে বলা হলো।

৪-১০-২০২১

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক

অধ্যক্ষ, চালনা মহিলা কলেজ

দাকোপ, খুলনা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.১৩.০০১.২০.১৯/১(৩)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, খুলনা
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দাকোপ, খুলনা
- ৩) সেকশন অফিসার, কলেজ অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

৪-১০-২০২১

কে এম রক্বানী

কলেজ পরিদর্শক